কালের কণ্ঠ

তারিখ 04 JUN 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৮

# অর্থনীতি শিক্ষক সমিতির সম্মেলন অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

'বাংলাদেশের অর্থনীতির বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ দিকনির্দেশনা' প্রতিপাদ্য নিয়ে বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতির দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে অর্থনীতি বিষয়ের শিক্ষকরা দেশের অর্থনীতির গতি-প্রকৃতি ও ভবিষ্যৎ দিকনির্দেশনা নিয়ে আলোচনা করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার মিলনায়তনে গতকাল শুক্রবার দিনব্যাপী এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধনী পর্বে সংগঠনের সভাপতি অধ্যাপক সরকার সৈয়দ আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মহীউদ্দীন খান আলমগীর। উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, আফরোজা বেগম প্রমুখ।

মহীউদ্দীন খান আলমগীর বলেন, 'শিক্ষার মূল উদ্দেশ্য যদি সমাজকে জাগানো হয় তাহলে সেখানে অর্থনীতি শিক্ষার নাম সবার আগে আসবে। সমাজের ইতিবাচক পরিবর্তনের জন্য এই অর্থনীতির শিক্ষকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। এই ভূমিকাকে ভুলে যাওয়া যাবে না।'

অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, কলেজগুলোয় শিক্ষার মান নিশ্চিত করতে হলে প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সরকারের সবচেয়ে ঘাটতি গবেষণা ক্ষেত্রে। অর্থনীতি শিক্ষার সঙ্গে যারা জড়িত তাদের গবেষণার প্রয়োজন রয়েছে। কিন্তু তা হয় না। তিনি বলেন, অর্থনীতিকে কুরে কুরে খাচ্ছে দুর্নীতি। বাজেটের আকার বড়, কিন্তু বাজেটের টাকা হরিলুট হয়ে যায়। দেশের অগ্রগতির সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর হলো প্রাইমারি। প্রাথমিক শিক্ষা ধ্বংসের পথে রয়েছে।